

## ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ২৬

আরবি মূল আয়াত:

قِيلَ ادْخُلِ الْجَنَّةَ ۖ قَالَ يَلَيْتَ قَوْمِي يَعْلَمُونَ ﴿٢٦﴾

অনুবাদসমূহ:

তাকে বলা হল, 'জান্নাতে প্রবেশ কর'। সে বলল, 'হায়! আমার কওম যদি জানতে পারত', — আল-বায়ান

(লোকেরা তাকে হত্যা করে ফেললে আল্লাহর পক্ষ থেকে) তাকে বলা হল- জান্নাতে প্রবেশ কর। (তখন) সে বলল- হায়! আমার জাতির লোকেরা যদি জানত, — তাইসিরুল

তাকে বলা হলঃ জান্নাতে প্রবেশ কর। সে বলে উঠলঃ হায়! আমার সম্প্রদায় যদি জানতে পারত – মুজিবুর রহমান

It was said, "Enter Paradise." He said, "I wish my people could know — Sahih International

২৬. তাকে বলা হল, জান্নাতে প্রবেশ কর।(১) সে বলে উঠল, হায়! আমার সম্প্রদায় যদি জানতে পারত—

(১) কুরআনের উপরোক্ত বাক্য থেকে এ দিকে ইঙ্গিত পাওয়া যায় যে, লোকটিকে শহীদ করে দেয়া হয়েছিল। কেননা, কেবল জান্নাতে প্রবেশ অথবা জান্নাতের বিষয়াদি দেখা মৃত্যুর পরই সম্ভবপর। [দেখুন: কুরতুবী, ফাতহুল কাদীর] কাতাদাহ বলেন, এ লোকটি তার সম্প্রদায়কে আল্লাহর দিকে আহ্বান জানিয়েছে এবং তাদের জন্য উপদেশ ব্যক্ত করেছে, কিন্তু তারা তাকে হত্যা করেছে। [তাবারী]

তফসীরে জাকারিয়া

(২৬) (তখন তারা তাকে হত্যা করল এবং তার মৃত্যুর পর) তাকে বলা হল, 'তুমি জান্নাতে প্রবেশ কর।' সে বলে উঠল, 'হায়! আমার সম্প্রদায় যদি জানতে পারত--

-

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3731>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন